

## **=** ३ून | Hud | هُود

আয়াতঃ ১১: ১১৭

## 💵 আরবি মূল আয়াত:

## وَ مَا كَانَ رَبُّكَ لِيُهلِكَ القُرٰى بِظُلمٍ وَّ اَهلُهَا مُصلِحُونَ ﴿١١٧﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর তোমার রব এমন নন যে, তিনি অন্যায়ভাবে জনপদসমূহ ধ্বংস করে দেবেন, অথচ তার অধিবাসীরা সংশোধনকারী। — আল-বায়ান

তোমার প্রতিপালক এমন নন যে, তিনি অন্যায়ভাবে কোন জনপদ ধ্বংস করবেন এমতাবস্থায় যে, তার অধিবাসীরা সদাচারী। — তাইসিক্ল

আর তোমার রাব্ব এমন নন যে, জনপদসমূহকে অন্যায়ভাবে ধ্বংস করবেন, অথচ ওর অধিবাসীরা সৎ কাজে লিপ্ত রয়েছে। — মুজিবুর রহমান

And your Lord would not have destroyed the cities unjustly while their people were reformers. — Sahih International

- ১১৭. আর আপনার রব এরূপ নন যে, তিনি অন্যায়ভাবে জনপদ ধ্বংস করবেন অথচ তার অধিবাসীরা সংশোধনকারী।(১)
  - (১) অর্থাৎ তারা যদি যালেম না হবে তবে তাদেরকে তিনি কেন ধ্বংস করবেন? যেমন অন্য আয়াতে এসেছে, আর আমরা তাদের প্রতি যুলুম করিনি কিন্তু তারাই নিজেদের প্রতি যুলুম করেছিল। [সূরা হুদঃ ১০১] [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১১৭) আর তোমার প্রতিপালক এমন নন যে, জনপদসমূহকে অন্যায়ভাবে ধ্বংস করে দেন, অথচ ওর অধিবাসীরা সদাচারী থাকে।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1590



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন